

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd; ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২১-৭৪

তারিখঃ ২৩ ফেব্রুয়ারি ২০২১

‘বঙ্গবন্ধু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদান বিজ্ঞপ্তি

বিষয়ঃ প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ‘বঙ্গবন্ধু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদানের আবেদন আহ্বান।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের জন্য দেশের মধ্যে সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ের শিক্ষার্থীদের মধ্য হতে ‘বঙ্গবন্ধু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

ক) স্কলারশিপের অধিক্ষেত্র :

ক্রমিক	স্কলারশিপের অধিক্ষেত্র
১.	সামাজিক বিজ্ঞান (Social Science)
২.	কলা ও মানবিক (Arts & Humanities)
৩.	ব্যবসায় শিক্ষা (Business Studies)
৪.	আইন (Law)
৫.	ভৌত বিজ্ঞান (Physical Science)
৬.	ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology)
৭.	বিজ্ঞান (Science)
৮.	জীব বিজ্ঞান (Biological Science)
৯.	শিক্ষা ও উন্নয়ন (Education & Development)
১০.	চিকিৎসা (Medicine)
১১.	চারুকলা (Fine Arts)
১২.	কৃষি বিজ্ঞান (Agricultural Science)
১৩.	মাদরাসা শিক্ষা (Madrasha Education)

খ) প্রত্যেক অধিক্ষেত্র হতে ১ জন স্কলারকে বৃত্তি প্রদান করা হবে।

গ) আবেদনের নিয়ম ও শর্তাবলি:

- মুজিব শতবর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ‘বঙ্গবন্ধু স্কলার নির্বাচন ও বৃত্তি প্রদান নির্দেশিকায়’ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক শিক্ষার্থীদেরকে আবেদন করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা/আবেদনপত্রের ফরম প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে (www.pmeat.gov.bd) পাওয়া যাবে।
- সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শ্রেণিতে ভর্তির নিশ্চয়তা পেয়েছেন বা ভর্তিকৃত এমন শিক্ষার্থীগণ ‘বঙ্গবন্ধু স্কলার’ বৃত্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করবেন। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নম্বরপত্র ও এক্সট্রা কারিকুলার অ্যাচিভমেন্ট’র সনদের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে।
- পূর্ণকৃত আবেদন ফরম এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি আগামী ২৮ মার্চ ২০২১ তারিখ অফিস চলাকালীন ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর রেজিস্টার্ড ডাকাযোগে বা সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- কর্তৃপক্ষ যে কোনো সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত-/

নাসরীন আফরোজ

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২-৮১৯২২০০, ইমেইলঃ md@pmeat.gov.bd

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/প্রচার/৬২২

তারিখঃ ২১-০৩-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারী মেডিসিন/ ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা।
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল), শেকৃবি, ঢাকা।
- ৩। পরিচালক (আইসিসি), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৪। পি.এস.টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
- ৫। পি.এ.টু ট্রেজারার/রেজিস্ট্রার (ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
- ৬। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা।
- ৭। অফিস কপি।

১৪.০৩.২১
(হরির কমল দাস)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)
শেকৃবি, ঢাকা-১২০৭।